# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩৩

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ৫৩. মুশরিকদের প্রদত্ত হাদিয়া গ্রহণ করা প্রসঙ্গে

بَاب فِي قَبُولِ هَدَايَا الْمُشْرِكِينَ

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ عَبَّاسِ بْنِ سَهْلٍ السَّاعِدِيِّ عَنْ أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ قَالَ بَعَثَ صَاحِبُ أَيْلَةَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِكِتَابٍ وَأَهْدَى لَهُ بَغْلَةً بَيْضَاءَ فَكَتَبَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْدَى لَهُ بُرْدًا

## বাংলা

২৫৩৩. আবূ হুমাইদ সা’ঈদী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, আয়লা নগরীর শাসনকর্তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট একটি চিঠি পাঠান এবং তাঁকে একটি সাদা খচ্চর ও চাদর হাদিয়া দেন। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে (সেখানকার শাসনকর্তারূপে বহাল থাকার) লিখিত নির্দেশ দেন এবং তাকে একটি চাদর হাদিয়া দেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, হাজ্জ ১৩৯২; বাইহাকী, কাসামুল ফাই ওয়াল গনীমাহ ৬/৩৭২; বুখারী, ফাযাইলূল মদীনাহ ১৮৭২, মানাকিবুল আনসার ৩৭৯১, মাগাযী ৪৪২২, যাকাত ১৪৮১; আবূ নুয়াইম, দালাইলুল নবুওয়াত ৫/২৬৬ অতি সংক্ষেপে; আহমাদ ৫/৪২৪-৪২৫; ইবনু আবী শাইবা ১৪/৫৩৯-৫৪০ নং ১৮৮৫২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুমায়দ সা’ঈদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন